মোস্তাফিজুর রহমান
সৈয়দ শাহাদাত হোসাইন
গিয়াসউদ্দিন আহমেদ
আবদুল কুদ্দুছ

এপ্রিল ২০২৩



গণসাক্ষরতা অভিযান



ইউরোপিয়ান ইউনিয়ন, বাংলাদেশ

প্রথম প্রকাশ
এপ্রিল ২০২৩

প্রকাশক
গণসাক্ষরতা অভিযান

প্রকাশক কর্তৃক সর্বস্বত্ত্ব সংরক্ষিত। এই প্রতিবেদনের কোনো অংশ বা পূর্ণ
প্রতিবেদন পুনঃপ্রকাশ/মুদ্রণের ক্ষেত্রে লিখিত অনুমতি নিতে হবে।

প্রচ্ছদ
নিত্য চন্দ্র

আইএসবিএন নম্বর: ৯৭৮-৯৮৪-৩৫-৪০০২-৭

ছবি
<https://www.bd-journal.com>
Internet

যোগাযোগের ঠিকানা
৫/১৪ হুমায়ুন রোড, মোহাম্মদপুর, ঢাকা - ১২০৭
ফোন: +৮৮-০২- ৪১০২২৭৫২-৬
ই-মেইল: info@campebd.org
ওয়েবসাইট: www.campebd.org
Facebook: facebook.com/campebd
Twitter: twitter.com/campebd

মুদ্রণে: আগামী প্রিন্টিং এণ্ড পাবলিশিং কোং
২৭, বাবুপুরা, নীলক্ষেত, ঢাকা-১২০৫

উৎসর্গ

দু'দশকের দীর্ঘ পথ পরিক্রমায় এডুকেশন ওয়াচ-এর সঙ্গে যুক্ত আমাদের স্থানীয় অংশীজন, সহযোগী সংগঠন, শিক্ষক, গবেষক, শিক্ষা সংশ্লিষ্ট সরকারি-বেসরকারি কর্মকর্তা, শিক্ষাপ্রতিষ্ঠান, নীতি-নির্ধারক ও শুভাকাঙ্ক্ষীদের প্রতি কৃতজ্ঞতাস্বরূপ উৎসর্গীকৃত।

প্রেক্ষাপট ও উদ্দেশ্য

কোভিড ১৯-এর কারণে মানুষের জীবনযাত্রায় মারাত্মক বিঘ্ন ঘটে। মহামারী চলাকালীন বিশ্বজুড়ে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকায় অন্যান্য সেক্টরের মতো শিক্ষাও ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হয়। এর প্রভাব পড়ে বিশ্বব্যাপী প্রায় ১.৬ বিলিয়ন শিক্ষার্থীর ওপর (ইউনেস্কো ২০২১)। শিক্ষার্থীদের শিখনক্ষতির ওপর স্কুল বন্ধের প্রভাব সম্পর্কে শিক্ষা গবেষকদের বিশ্লেষণে দেখা যায় যে, এই ক্ষতি শ্রেণিকক্ষের বাইরে আরও দীর্ঘমেয়াদি বহুমাত্রিক প্রভাব ফেলতে পারে। বিশ্বব্যাপী মাত্র পাঁচ মাসের জন্য স্কুল বন্ধ থাকায় কারণে শিখনক্ষতির আর্থিক মূল্য হতে পারে ১০ ট্রিলিয়ন ডলার (বিশ্বব্যাংক ২০২০)।

মাঠ পর্যায়ের তথ্য মতে, কমপক্ষে ৩.৪২ মিলিয়ন প্রাথমিক শিক্ষার্থী এবং ২.৫০ মিলিয়ন মাধ্যমিক শিক্ষার্থী মিলিয়ে মোট ৫.৯২ মিলিয়ন স্কুল শিক্ষার্থী গুরুতর শিখনক্ষতির ঝুঁকিতে রয়েছে (পিপিআরসি এবং বিআইজিডি, ২০২১)। কোভিড ১৯ মহামারীর পূর্বেও বাংলাদেশে শিক্ষার্থীদের দুর্বল শিখন ও অসম সুযোগের মতো বিভিন্ন সংকট বিদ্যমান ছিল। দীর্ঘদিন স্কুল বন্ধ থাকা এবং কার্যকর দূরশিক্ষণ সুযোগের অভাবে এই ঝুঁকি বহুগুণ বৃদ্ধি পেতে পারে (বিশ্বব্যাংক, ২০২১)। এছাড়া মহামারীর কারণে ও মহামারীর সময়ে শিশুশ্রম এবং বাল্যবিবাহ বৃদ্ধির বিষয়টি গণমাধ্যমের প্রতিবেদনে প্রতিফলিত হয়েছে।

সংশ্লিষ্ট নথি ও প্রতিবেদনের সংক্ষিপ্ত পর্যালোচনা

সাম্প্রতিক বিভিন্ন গবেষণা ও প্রতিবেদন বর্তমান গবেষণার পটভূমি হিসেবে কাজ করেছে এবং সেই বিবেচনায় এর প্রশ্নগুলো তৈরি হয়েছে। গণসাক্ষরতা অভিযানের এক জরিপে সাম্প্রতিক বছরগুলোতে শিক্ষার অগ্রগতি, পিছিয়ে পরা এবং গুণগতমান, সমতা ও অন্তর্ভুক্তি বিষয়ক উদ্যোগের অভাব সম্পর্কে উদ্বেগ প্রকাশ পেয়েছে। গবেষণায় আরও দেখা গেছে, ৮৫ শতাংশ উত্তরদাতার মতে, স্কুলে বারপেড়ার হার বৃদ্ধি পেয়েছে আর ৭১ শতাংশ উত্তরদাতার মতে, শিশুশ্রম বৃদ্ধি পেয়েছে, যা চলমান শিক্ষা কার্যক্রমকে ব্যাহত করছে। ৮০ শতাংশ উত্তরদাতা মনে করেন, স্কুলে অনুপস্থিতি বা অনিয়মিত উপস্থিতি বেড়েছে।

মহামারীর প্রাথমিক পর্যায়ে ব্র্যাক এডুকেশন প্রোগ্রাম পরিচালিত আরেকটি জরিপে শিশুদের গভীর উদ্বেগ, ভয়, মানসিক চাপ, হতাশা এবং উদাসীনতার বিষয়টি তুলে ধরা হয়। শিক্ষার ওপর কোভিড ১৯ মহামারীর প্রভাব অর্থনৈতিক মন্দা, বারপেড়া, শিশুশ্রম, বাল্যবিবাহ এবং শিশুদের যৌন নিপীড়নের হারকে বাড়িয়ে

তুলতে পারে। নতুন দরিদ্রসহ দরিদ্র পরিবারের ১ কোটি ৬০ লাখ শিক্ষার্থীর মধ্যে অনেকে হয়তো আর কখনো স্কুলে ফিরতে পারবে না বলেও আশঙ্কা করা হচ্ছে।

শিক্ষার ক্ষতি হ্রাস: সরকার কর্তৃক গৃহীত উদ্যোগ

দেশে মহামারী আঘাত হানার সময় সরকার প্রথম যে পদক্ষেপটি দ্রুত নিয়েছিল তা হলো শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ ঘোষণা করা এবং ইলেকট্রনিক মিডিয়া, মোবাইল ফোন, রেডিও, এবং ইন্টারনেট প্ল্যাটফর্মের মাধ্যমে দূরশিক্ষণ ব্যবস্থা চালু করা, যার মাধ্যমে রেকর্ডকৃত সেশন প্রচার করা হয়েছিল। এছাড়া অনলাইনে ক্লাস পরিচালনার জন্য জুম, গুগল মিট এবং স্কাইপের মতো প্ল্যাটফর্ম ব্যবহার করা হতো। কিন্তু গবেষণায় দেখা গেছে, গ্রামীণ অঞ্চল এবং দরিদ্রতম পরিবারের শিশুদের টেলিভিশন, ইন্টারনেট বা কম্পিউটার ব্যবহারের সুযোগ অনেক কম ছিল (গণসাক্ষরতা অভিযান, এডুকেশন ওয়াচ ২০২০)। প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ে পাবলিক পরীক্ষা স্থগিত বা বাতিল করা হয়েছে এবং পরীক্ষার জন্য সিলেবাস সংক্ষিপ্ত করা হয়েছে। প্রাথমিক পরবর্তী স্তরের শিশুদের বিদ্যালয়ে ফিরিয়ে আনার জন্য কোভিড-১৯ টিকা প্রদান করা হয়েছে। তারপরও বিদ্যালয়ে ভর্তির আশাব্যঞ্জক হার সত্ত্বেও শ্রেণিভিত্তিক দক্ষতা ও শিখনফল অর্জন একটি চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে।

গবেষণার উদ্দেশ্য

‘এডুকেশন ওয়াচ সমীক্ষা ২০২২’ গবেষণায় নমুনায়নের মাধ্যমে মাঠ পর্যায়ে নির্বাচিত স্কুলগুলোতে তথ্য-উপাত্ত সংগ্রহের মাধ্যমে বিভিন্ন বিষয়ে গভীরভাবে অনুসন্ধান করা হয়েছে। এই গবেষণার সামগ্রিক উদ্দেশ্য হলো কোভিড ১৯-এর কারণে স্কুল বন্ধের ফলে শিখনফলের ওপর এর প্রভাব শনাক্ত করা এবং স্কুল শিক্ষায় মহামারী পরবর্তী পুনরুদ্ধার কার্যক্রম পর্যালোচনা ও বিশ্লেষণ করা।

সুনির্দিষ্ট উদ্দেশ্য

১. শিখন ঘাটতি পরিমাপের জন্য মাধ্যমিক শিক্ষা পর্যায়ে বাংলা, ইংরেজি ও গণিত বিষয়ে মৌলিক দক্ষতা নিরূপণের একটি মূল্যায়ন প্রক্রিয়া গ্রহণ করা;
২. যেসব প্রতিকারমূলক এবং পুনরুদ্ধারের (যেমন- দ্রুত মূল্যায়ন এবং প্রতিকারমূলক ব্যবস্থা) পরিকল্পনা বিবেচনা করা হয়েছিল তা পর্যালোচনা করা;
৩. পুনরুদ্ধার ও প্রতিকারমূলক পরিকল্পনা বাস্তবায়নে শিক্ষক ও বিদ্যালয়কে সহায়তা করার জন্য গৃহীত পরিকল্পনা ও কার্যক্রম মূল্যায়ন করা।

পদ্ধতি এবং সীমাবদ্ধতা

গবেষণা পদ্ধতি

এ গবেষণায় গুণগত এবং পরিমাণগত কৌশলের সমন্বয়ে একটি মিশ্র পদ্ধতি অনুসরণ করা হয়েছে। এর মধ্যে রয়েছে মাঠ পর্যায়ে উপাত্ত সংগ্রহ, পর্যালোচনা, সংকলন এবং বিশ্লেষণ করা। বর্তমান পরিস্থিতি সম্পর্কে প্রধান অংশীজন - শিক্ষার্থী, শিক্ষক, অভিভাবক, শিক্ষা কর্মকর্তা এবং স্থানীয় পর্যায়ে শিক্ষা নিয়ে কর্মরত এনজিও প্রতিনিধির সাক্ষাৎকার নেওয়া হয়েছে। তথ্যের আনুষঙ্গিক উৎস ছিল এনসিটিবি, ইউনিসেফ, ব্র্যাক, বিশ্বব্যাংক ও এডিবি'র বিদ্যমান গবেষণা ও প্রোগ্রাম প্রতিবেদন। এছাড়া গণসাক্ষরতা অভিযানের পূর্ববর্তী গবেষণা, বিশেষত এডুকেশন ওয়াচ ২০২০ ও ২০২১ ব্যবহার করা হয়েছে।

নমুনা কাঠামো এবং উত্তরদাতা

প্রাথমিক উপাত্তের উৎস ছিল দেশের ৮টি বিভাগের প্রতিনিধিত্বকারী শিক্ষার্থী, শিক্ষক, অভিভাবক, শিক্ষা কর্মকর্তা এবং স্থানীয় এনজিও কর্মী। মোট উত্তরদাতার সংখ্যা ছিল ৫,৬৯২। এর মধ্যে ৩,৮২১ জন প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থী, যার মধ্যে প্রায় সমান সংখ্যক ছেলে ও মেয়ে। গবেষণায় ৫৬২ জন শিক্ষক, ৫৮৪ জন অভিভাবক, ১২০ জন কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষার প্রশিক্ষক, ৪৮ জন উপজেলা পর্যায়ের প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ১৬ জন জেলা পর্যায়ের প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, শিক্ষা কার্যক্রম বাস্তবায়নকারী এনজিও-এর ২৫ জন কর্মকর্তা এবং এসএমসি, স্থানীয় সরকার প্রতিনিধি, ধর্মীয় নেতৃবৃন্দ, সাংবাদিক, জেলা ও বিভাগীয় পর্যায়ের জ্যেষ্ঠ সরকারি কর্মকর্তাদের নিকট থেকে তথ্য সংগ্রহ করা হয়। উত্তরদাতাদের ভৌগোলিকভাবে গ্রামীণ, শহরতলী, শহর এবং ঢাকা শহর হিসেবে শ্রেণিবদ্ধ করা হয়েছে।


গবেষণার স্থান

ভৌগোলিক এবং উন্নয়ন বৈচিত্র্য ও বিস্তার বিবেচনায় আটটি বিভাগের আটটি জেলা এবং ২১টি উপজেলা (সাত জেলার তিনটি



চিত্র ০১: গবেষণার কর্ম এলাকা

করে উপজেলা), দুটি সিটি কর্পোরেশন এই গবেষণার অন্তর্ভুক্ত করা হয়েছে। পারপাসিভ পদ্ধতিতে ৭২টি ক্লাস্টারে (শহর, শহরতলী ও গ্রামীণ) এই গবেষণা কার্যক্রম পরিচালিত হয়।



চিত্র ০২: গবেষণার নমুনায়ন

নৈতিক বিবেচনা

গবেষণায় অংশগ্রহণকারীদের সুরক্ষা নিশ্চিতের জন্য গবেষণা দল গণসাক্ষরতা অভিযানের আইনি এবং নৈতিক মান অনুসরণ করেছে। উত্তরদাতাদের অধিকার ও মর্যাদার প্রতি শ্রদ্ধা রেখে গবেষণা দল তাদের গবেষণা সম্পর্কে অবহিত করে গোপনীয়তার আশ্বাস দিয়েছে এবং গবেষণায় অংশগ্রহণের জন্য তাদের সম্মতি গ্রহণ করেছে। গবেষণা দলের সদস্যদের নির্বাচন করার সময় সামাজিক জরিপের অভিজ্ঞতা, স্থানীয় ভাষাজ্ঞান এবং সাংস্কৃতিক রীতিনীতির প্রতি সংবেদনশীলতা প্রভৃতি বিষয় বিবেচনা করা হয়েছিল। গবেষণাটি ‘No Harm Principle’ অনুসরণ করে অংশগ্রহণকারীদের সুরক্ষা নিশ্চিত করা হয়েছে।

গবেষণার তাৎপর্য এবং এর উদ্দিষ্ট জনগোষ্ঠী

গবেষণাটি শিশুদের জন্য দীর্ঘসময় ধরে শিখন বন্ধের প্রকৃতি এবং প্রভাব বিশ্লেষণ করেছে। পাশাপাশি তাদের শিখন, কল্যাণ, তাদের পরিবার এবং শিক্ষকদের বর্তমান অবস্থা; নিরাপদে স্কুল খোলা; শিখনক্ষতি পুনরুদ্ধার এবং পূর্বে থেকে বিদ্যমান সমস্যাগুলো মহামারীর ফলে আরও তীব্রতর হয়েছে কিনা, সেগুলো

মোকাবেলায় বর্তমান অভিজ্ঞতা থেকে ভবিষ্যতের জন্য শিক্ষা গ্রহণের বিষয়টি মূল্যায়ন করেছে।

গবেষণার সম্ভাব্য ব্যবহারকারী নিম্নরূপ:

- সরকারের শিক্ষা সংশ্লিষ্ট নীতিনির্ধারক;
- শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনার সঙ্গে সংশ্লিষ্ট সরকারি কর্মকর্তা;
- শিক্ষার্থী, শিক্ষক এবং অভিভাবক যারা সরাসরি সুবিধাভোগী এবং স্কুল পরিচালনার সঙ্গে জড়িত;
- শিক্ষা ব্যবস্থার সঙ্গে জড়িত শিক্ষাবিদ;
- জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে শিক্ষার সঙ্গে যুক্ত এনজিও/সিএসও;
- স্বাস্থ্যখাতের সঙ্গে জড়িত পেশাজীবী;
- উন্নয়ন অংশীদার - জাতীয় ও আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা এবং জাতিসংঘের বিভিন্ন সংস্থা।

গবেষণার সীমাবদ্ধতা

এই গবেষণার শিক্ষা ব্যবস্থার পরিধি ও বিস্তৃতি, গবেষণা প্রশ্নের ধরন, অনুসন্ধান পদ্ধতি এবং সময়সীমা সম্পর্কিত বেশ কয়েকটি সীমাবদ্ধতা রয়েছে।

- গবেষণাটি আনুষ্ঠানিক শিক্ষা ব্যবস্থার প্রাথমিক, মাধ্যমিক এবং কারিগরি-বৃত্তিমূলক শিক্ষা (সীমিতভাবে) ব্যবস্থার মধ্যে সীমাবদ্ধ। উচ্চ শিক্ষা, উচ্চ মাধ্যমিক, মাদ্রাসা শিক্ষা এবং ইংরেজি মাধ্যমের শিক্ষাপ্রতিষ্ঠানকে এ গবেষণার আওতার বাইরে রাখা হয়েছে। ব্যক্তি মালিকানাধীন বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানকেও এর বাইরে রাখা হয়েছে;
- গবেষণার প্রশ্নগুলো গুণগতমান, অন্তর্ভুক্তি ও পরিমার্জন, শিক্ষাবিজ্ঞান এবং ব্যবস্থাপনার বিভিন্ন দিকের পরিবর্তে জরুরি পরিস্থিতিতে শিক্ষা ব্যবস্থার (স্কুল) সামগ্রিক কার্যক্রমের ওপর দৃষ্টি নিবদ্ধ করা হয়েছে। এই বিষয়গুলো শিক্ষাব্যবস্থার উন্নয়নের জন্য অব্যাহত উদ্বেগের বিষয় বলে বিবেচিত হয়ে আসছে;
- গবেষণা পদ্ধতির উদ্দেশ্য ছিল বাস্তব অনুসন্ধানের মাধ্যমে পরিস্থিতির বস্তুনিষ্ঠ যাচাইয়ের পরিবর্তে মূলত উত্তরদাতাদের উপলব্ধি এবং মতামত সংগ্রহ। গবেষণায় শুধুমাত্র শিখন মূল্যায়ন উপকরণ ব্যবহার করে পরীক্ষামূলক উপাত্ত সংগ্রহের একটি প্রচেষ্টা ছিল;

- গবেষণার সময়সীমা নির্ধারিত হয়েছিল খোদ গবেষণার সমস্যাটি কতটা জরুরি তার ওপর ভিত্তি করে। এ ক্ষেত্রে বিবেচনায় ছিল সরকারি নীতিমালা সংক্রান্ত জিজ্ঞাস্য যা তাৎক্ষণিক মতামত এবং নির্দিষ্ট সময়সীমা সম্পর্কিত তথ্য এবং তার উত্তর সামঞ্জস্যতার প্রয়োজনীয়তা দাবি করে। স্বল্প সময়ের মধ্যে উত্তরদাতাদের কাছে পৌঁছানো এবং তথ্য সংগ্রহ করা জরুরি ছিল।

গবেষণাটি জরিপকালীন পরিস্থিতির একটি সংক্ষিপ্ত চিত্র উপস্থাপন করেছে। কোভিড প্রভাব এবং মতামত সম্পর্কিত তৃতীয় গবেষণা হিসেবে এটি পূর্ববর্তী গবেষণায় প্রাপ্ত তথ্যের তুলনামূলক চিত্রও প্রকাশ করেছে।

গবেষণার ফলাফল

ক. পুনরুদ্ধার এবং প্রতিকারমূলক অবস্থা

মহামারী এবং শিখনঘাটতি পুনরুদ্ধারের প্রচেষ্টা


শিখনঘাটতি সম্পর্কে অংশীজনদের মধ্যে কোনো দ্বিমত ছিল না। কারণ, শিক্ষক (৯৭ শতাংশের বেশি) এবং শিক্ষা কর্মকর্তাগণ (শতভাগ) মহামারী চলাকালীন স্কুল বন্ধ থাকার কারণে শিক্ষার্থীদের উল্লেখযোগ্য শিখন ক্ষতি হয়েছে বলে দৃঢ়ভাবে বিশ্বাস করেন। তবে, প্রাথমিক বিদ্যালয়ের ৭১ শতাংশ এবং মাধ্যমিক বিদ্যালয়ের ৭৫ শতাংশ শিক্ষার্থীর মতে, স্কুল খোলার পর তারা পাঠ বোঝার জন্য বিশেষ কোনো সহায়তা পায়নি। বেশিরভাগ অভিভাবক ইঙ্গিত দিয়েছেন যে, তাদের শিশুদের জন্য ব্যক্তিগত উদ্যোগে পড়ানোর ব্যবস্থা করা হয়েছিল এবং একটি ছোট অংশ পিতা-মাতা এবং বড় ভাইবোনদের সহায়তার ওপর নির্ভর করেছিল।

বেশিরভাগ শিক্ষক এবং কর্মকর্তা বিশ্বাস করেন যে, নির্দেশনামূলক অনুশীলনগুলোতে কিছু পরিবর্তন আনার প্রচেষ্টা ছিল। শিক্ষার্থীদের জন্য অতিরিক্ত ক্লাসসহ এই ধরনের আরও পদক্ষেপ নেওয়া এবং শিক্ষার্থীদের অগ্রগতি নির্ধারণের জন্য পরীক্ষার প্রয়োজন বলে তারা উল্লেখ করেন। বিদ্যালয়গুলোতে অতিরিক্ত ক্লাসের ব্যবস্থা করা হয়েছিল-এমনটিই জানিয়েছেন প্রাথমিক শিক্ষকদের ৫৭.৮ শতাংশ এবং মাধ্যমিক শিক্ষকদের ৪৪.৪ শতাংশ। যদিও এই অতিরিক্ত পাঠের গুণগতমান এবং কার্যকারিতা নিরূপণ করা যায়নি, তবে এক তৃতীয়াংশেরও বেশি শিক্ষক সপ্তাহে পাঁচ দিন পর্যন্ত অতিরিক্ত পাঠদানের কথা উল্লেখ করেছেন।

স্কুল খোলার পর উচ্চতর শ্রেণির শিক্ষার্থীদের খাপ-খাওয়ানো

প্রাথমিক ও মাধ্যমিক স্তরের বেশিরভাগ শিক্ষার্থী বলেছে যে, তারা নতুন ক্লাসে পাঠ বুঝতে কোনো সমস্যা অনুভব করেনি। তবে, এই ধারণাটি সম্ভবত তাদের প্রত্যাশা এবং শ্রেণিকক্ষে নির্দেশনামূলক অনুশীলন সম্পর্কে তারা কী করতে অভ্যস্ত ছিল তা দ্বারা প্রভাবিত হয়েছিল। এর অর্থ অবশ্য এই নয় যে, শ্রেণিকক্ষে যা শেখা উচিত ছিল, তাই তারা শিখেছে, যা নিম্নে দেখানো হয়েছে।


চিত্র ০.৩: কোভিড পূর্ববর্তী ও বর্তমান সময়ে শিক্ষার্থীদের শিখনদক্ষতা সম্পর্কে শিক্ষক, শিক্ষা কর্মকর্তাদের দৃষ্টিভঙ্গি



শিক্ষকগণ স্কুল বন্ধের আগে ও পরে শিক্ষার্থীদের শিখন দক্ষতা ১-১০ স্কেলে মূল্যায়ন করেছেন। তাদের মতে, সাফল্যাক্ষের গড় হিসাবে, শিক্ষার্থীরা এই সময়ের মধ্যে প্রায় ২৫ শতাংশ শিখনদক্ষতা হারিয়েছে (বন্ধের আগে গড় সাফল্যাক্ষ ছিল ৮, বন্ধ হওয়ার পরে তা হয়েছে প্রায় ৬)। উপর্যুক্ত তথ্য অনুযায়ী শিক্ষকদের দৃষ্টিভঙ্গি শিক্ষা কর্মকর্তাদের তুলনায় কিছুটা বিপরীত চিত্র দেখা গেছে।


প্রাইভেট টিউটর/কোচিং এবং গাইড বইয়ের উপর শিক্ষার্থীদের নির্ভরতা

চিত্র ০.৪: অষ্টম ও নবম শ্রেণির শিক্ষার্থীদের প্রাইভেট টিউশন/কোচিং সেন্টারে পড়ার অবস্থা



অষ্টম ও নবম শ্রেণির ৮৫ শতাংশ শিক্ষার্থীর মতে প্রাইভেট টিউটর বা কোচিংয়ে তাদের নির্ভরতা বেশি ছিল। একই রকম চিত্র দেখা গেছে শহর ও গ্রামাঞ্চলসহ সকল ক্লাস্টারে। অভিভাবকদের তথ্য অনুযায়ী, (এখানে উল্লেখ করা হয়নি) অষ্টম শ্রেণির প্রায় ৬৪ শতাংশ এবং নবম শ্রেণির ৫০ শতাংশ শিক্ষার্থী প্রাইভেট টিউটরিংয়ের জন্য প্রতি মাসে ১,১০০ থেকে ৩,০০০ হাজার টাকা পর্যন্ত ব্যয় করেছে।

চিত্র ০.৫: গাইডবই ব্যবহারকারীদের ব্যয়




আরও দেখা যাচ্ছে যে, ৭৯ শতাংশ প্রাথমিক এবং ৮২.৫ শতাংশ মাধ্যমিক শিক্ষার্থী তাদের পাঠ এবং পরীক্ষার প্রস্তুতির জন্য বাণিজ্যিক গাইডবই অনুসরণ করেছে। ২০২২ সালের প্রথম নয় মাসে প্রাথমিক পর্যায়ে গড়ে ৬৬৯ টাকা এবং মাধ্যমিক পর্যায়ে ২,০৬৫ টাকা পর্যন্ত ব্যয় হয়েছে বলে অভিভাবকরা জানিয়েছেন।

মহামারী পরবর্তী পরিস্থিতিতে অংশীজনদের মতামত

শ্রেণিকক্ষে শিক্ষার্থীদের উপস্থিতি এবং খেলাধুলা ও সাংস্কৃতিক কার্যক্রমে যুক্ত থাকার একটি ইতিবাচক চিত্র লক্ষ্য করা গেছে। স্কুলের পারফরম্যান্সের ব্যাপারে অভিভাবকগণ সন্তুষ্ট ছিলেন। সমীক্ষার সকল ক্লাস্টারে একই রকম চিত্র পাওয়া গেছে। তবে, তাদের সন্তুষ্টি থেকে অবশ্যই এটা বোঝা যায় না যে, স্কুলগুলো শিক্ষার্থীদের প্রত্যাশিত শিখনফল অর্জনে সহায়তা করতে সক্ষম হয়েছে। কারণ, শিক্ষার্থীদের প্রাইভেট কোচিং এবং বাণিজ্যিক গাইডবইয়ের ওপর অধিক নির্ভরতাও লক্ষ্য করা গেছে।

চিত্র ০.৬: বিদ্যালয়ে পড়ালেখার বিষয়ে অভিভাবকদের সন্তুষ্টির মাত্রা




অল্প সময়ে অতিরিক্ত ক্লাস এবং শিক্ষক স্বল্পতার কারণে শিক্ষক ও শিক্ষার্থীরা কিছুটা চাপ অনুভব করেছেন, এমনটাই বলেছেন প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের মাত্র ২৪ শতাংশ শিক্ষক ও অভিভাবক। তবে, বেশিরভাগ শিক্ষার্থী, শিক্ষক এবং শিক্ষা কর্মকর্তাগণ প্রয়োজনীয় পুনরুদ্ধার কার্যক্রমের সঙ্গে খাপ-খাওয়াতে বেশি চাপ অনুভব করেননি। এর সম্ভাব্য কারণ হতে পারে উল্লেখযোগ্যভাবে পরীক্ষা কমে যাওয়া, যা তারা উল্লেখ করেছেন। কৌতুহলের বিষয় হল, মহামারীর কারণে সুবিধাবঞ্চিত গোষ্ঠীগুলোর মধ্যে বৈষম্য এবং এর মাত্রা নিয়ে মতের ভিন্নতা ছিল। স্কুল ব্যবস্থাপনার চ্যালেঞ্জ মোকাবেলায় মাধ্যমিক শিক্ষকগণ স্কুল অবকাঠামো, অধিক শিক্ষক নিয়োগ ও প্রশিক্ষণ প্রদান এবং প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষক উভয়েই আরও বেশি স্থানীয় কমিউনিটিকে যুক্ত করার পরামর্শ দিয়েছেন।

খ. শিক্ষক এবং স্কুলের জন্য সহায়তা

শিক্ষকদের জন্য সহায়তা

চিত্র ০.৭: বিদ্যালয় পুনরায় খোলার পর শিক্ষকদের প্রশিক্ষণ প্রাপ্তির অবস্থা




ফলাফলে দেখা গেছে, প্রায় অর্ধেক শিক্ষক উল্লেখ করেছেন, তারা স্কুল পুনরায় খোলার সাথে সাথে ওরিয়েন্টেশন পেয়েছেন, যেখানে শতভাগ শিক্ষা কর্মকর্তাগণ ওরিয়েন্টেশন প্রদানের কথা উল্লেখ করেছেন। তবে পরিস্থিতি মোকাবেলায় শিক্ষকদের পক্ষ থেকে নতুন প্রচেষ্টা ও উদ্যোগ প্রয়োজন ছিল বলে মনে করেন অধিকাংশ কর্মকর্তা ও শিক্ষক। তাদের পরামর্শে তিন ধরনের কার্যক্রমের কথা উল্লেখ ছিল- ১. পাঠদানকে আরও আকর্ষণীয় করা এবং পাঠদানের জন্য অতিরিক্ত সময় দেওয়া; ২. শ্রেণিকক্ষে মাল্টিমিডিয়া ব্যবস্থাসহ অবকাঠামো ও যোগাযোগ সুবিধার উন্নতি করা; এবং ৩. আরও শিক্ষক নিয়োগ ও প্রশিক্ষণ প্রদান।

শিক্ষার্থীদের দুর্বলতা

শিক্ষকগণ যদিও সুস্পষ্টভাবে স্বীকার করেননি যে, শিক্ষার্থীদের দুর্বলতা তাদের সীমাবদ্ধতাকে প্রতিফলিত করে, বরং তাদের মধ্যে অভিভাবক ও শিক্ষার্থীদের দায়ী করার প্রবণতা লক্ষ্য করা গেছে। ৮০ শতাংশ শিক্ষক শিক্ষার্থীদের দুই ধরনের সমস্যা চিহ্নিত করেছেন- ১. শিক্ষার প্রতি মনোযোগের অভাব (অভিভাবক/শিক্ষার্থীদের) এবং ২. পরিবারের পক্ষ থেকে তাদের সন্তানদের শিক্ষার জন্য পর্যাপ্ত দায়িত্ব গ্রহণ না করা। একজন শিক্ষক বলেন, ‘কোভিড-১৯’ এর আগে আমরা কখনও শিক্ষার্থীদের এমন আচরণ করতে লক্ষ্য করিনি। তাদের আচরণে অনেক পরিবর্তন এসেছে। এটি সম্ভবত হয়েছে হতাশা ও একাকীত্বের কারণে এবং মহামারীতে দীর্ঘমেয়াদি স্কুল বন্ধের সময় কোনো সামাজিকীকরণ কর্মসূচি না থাকায়।

চিত্র ০.৮: পরিবারের মৌলিক চাহিদা পূরণের ওপর
শিক্ষকদের অভিমত (২০১৯ ও ২০২২)




শিক্ষকদের আয় এবং তারা পরিবারের মৌলিক চাহিদা মেটাতে পারেন কিনা তা নিয়ে প্রশ্ন করা হয়েছিল। ২০১৯ ও ২০২২ সালের তুলনামূলক চিত্রে দেখা গেছে, প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ে শিক্ষকদের মৌলিক চাহিদা পূরণের সক্ষমতা উল্লেখযোগ্য হারে হ্রাস পেয়েছে। মাধ্যমিক স্তরের দুই-তৃতীয়াংশেরও বেশি শিক্ষক এবং প্রাথমিক স্তরের এক চতুর্থাংশেরও বেশি শিক্ষক অর্থনৈতিক সমস্যা ও উদ্বেগের মধ্যে ছিলেন, যা তাদের যথাযথভাবে দায়িত্ব পালনের সক্ষমতাকে ব্যাহত করে।

গ. প্রযুক্তির ব্যবহার/মিশ্র পদ্ধতি

প্রযুক্তিগত সক্ষমতা এবং মাল্টিমিডিয়া ব্যবস্থা বিষয়ে কথা বলতে গিয়ে মাধ্যমিক ও প্রাথমিকের প্রায় দুই-তৃতীয়াংশ শিক্ষক অপরিপািত আইসিটি অবকাঠামো, বিশেষ করে মাল্টিমিডিয়া ক্লাস এবং কম্পিউটার ল্যাব চালু করার বিষয়ে অভিমত ব্যক্ত করেন। তারা পর্যবেক্ষণ করেছেন যে ব্যবস্থা ছিল এর অনেকগুলো কার্যকর ছিল না। তারা আইসিটি-ভিত্তিক শিক্ষা উপকরণের আরও বেশি ব্যবহার এবং সেই উদ্দেশ্যে শিক্ষকদের প্রস্তুত করার জন্য আরও জোরদার পদক্ষেপ নেওয়ার প্রয়োজনীয়তার কথা উল্লেখ করেছেন।

প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষকদের মধ্যে যথাক্রমে প্রায় ৭৫ শতাংশ ও ৬৯ শতাংশ প্রযুক্তি ব্যবহার এবং মিশ্র পদ্ধতি সম্পর্কে স্কুল ও তাদের জন্য নির্দেশনা ও নির্দেশিকা পাওয়ার কথা উল্লেখ করেছেন। জেলা ও উপজেলা শিক্ষা কর্মকর্তাদের ক্ষেত্রে এই হার ছিল শতভাগ।


চিত্র ০.৯: নির্দেশনা বাস্তবায়নে সমস্যার সম্মুখীন হওয়া



১. অমনোযোগিতা
২. কোনো ডিজিটাল ডিভাইস/আইসিটি উপকরণ নেই
৩. শিক্ষক ও শিক্ষার্থীদের ওপর চাপ
৪. বিদ্যুৎ ও ইন্টারনেট সংযোগের অভাব
৫. শিক্ষা উপকরণের অভাব

যদিও প্রায় দুই-তৃতীয়াংশ শিক্ষক এবং তিন-চতুর্থাংশ শিক্ষা কর্মকর্তা (জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা ব্যতীত) শিখন প্রযুক্তি এবং মিশ্র পদ্ধতির প্রচার ও প্রয়োগে কোনো বিশেষ অসুবিধা অনুভব করেননি, তবে কেউ কেউ উল্লেখ করেছেন, প্রযুক্তিভিত্তিক শিক্ষণ-শিখন প্রক্রিয়ার প্রয়োগ এবং ডিজিটাল ডিভাইস ও উপর্যুক্ত ডিজিটাল লার্নিং উপকরণের অভাব শিক্ষার্থী ও শিক্ষকদের ওপর অতিরিক্ত চাপ তৈরি হয়েছে।


চিত্র ১০: শিক্ষার্থীদের দূর-শিক্ষণের সঙ্গে সম্পৃক্ত থাকার পরামর্শ



১- সংসদ টিভি, ২ - রেডিও, ৩ - স্মার্টফোন, ৪ - এনালগ ফোন, ৫ - অনলাইন প্ল্যাটফর্ম, ৬ - অফলাইন (ভিডিও/পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন)


শিক্ষার্থীদের নিয়মিত ক্লাসের পাশাপাশি দূরশিক্ষণে যুক্ত হতে উৎসাহিত করার বিষয়ে জিজ্ঞাসা করা হলে, বেশিরভাগ শিক্ষক এবং কর্মকর্তাগণ একমত হন যে, এই ধরনের প্রচেষ্টা নেওয়া প্রয়োজন। বেশিরভাগই কোভিডকালে স্কুল বন্ধের সময় প্রবর্তিত প্রযুক্তির অব্যাহত ব্যবহার, বিশেষত সংসদ টিভিতে পাঠ সম্প্রচার, স্মার্টফোন ও অনলাইন প্ল্যাটফর্মের আরও বেশি ব্যবহারের পরামর্শ দেন।

চিত্র ০.১১: বাড়িতে ডিভাইসের প্রাপ্যতা



শিখন প্রযুক্তি এবং মিশ্র পদ্ধতি ব্যবহারের জন্য ডিভাইসের প্রাপ্যতা প্রসঙ্গে জানতে চাওয়া হলে, প্রাথমিক এবং মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের অভিভাবকদের অভিমত থেকে বাড়িতে মোবাইল ফোন এবং টিভি সেটের প্রাপ্যতার ইঙ্গিত পাওয়া গেছে। তবে, ইন্টারনেট সংযোগ ও ল্যাপটপ/ট্যাবলেটের প্রাপ্যতা এমনকি শহর ও আধা-শহর অঞ্চলেও সীমিত ছিল। পরিবারে ডিভাইস থাকলেও শিক্ষার্থীদের শিখন প্রযুক্তি ব্যবহারের ক্ষেত্রে এটি ব্যবহারের সুযোগ সীমিত ছিল।

চিত্র ০.১২: শিক্ষার্থীদের ডিভাইস ব্যবহার ও গেম খেলায় কতটা সময় ব্যয় করে সেই সম্পর্কে অভিভাবকদের মতামত



প্রাথমিক ও মাধ্যমিক উভয় স্তরের প্রায় এক চতুর্থাংশ অভিভাবক শিক্ষার্থীদের মোবাইল ফোনের অত্যধিক ব্যবহারকে একটি সমস্যা (মোবাইল ফোন আসক্তি) হিসাবে দেখেছেন। কৌতুহলের বিষয় হল, তিন-চতুর্থাংশ বাবা-মা এটিকে কোনো উল্লেখযোগ্য সমস্যা হিসাবে দেখেননি। মোবাইল ফোন আসক্তি (সারফিং এবং টেক্সটিং) সমাজের সচ্ছল অংশ এবং শহর অঞ্চলের মানুষের সমস্যা। যাই হোক, শেখার জন্য প্রযুক্তির প্রাপ্যতা বৃদ্ধি পাওয়ার পাশাপাশি ডিজিটাল যোগাযোগের জন্য ডিভাইসের অনৈতিক ব্যবহার ছড়িয়ে পড়তে পারে এবং এক্ষেত্রে অভিভাবকদের সতর্ক থাকতে হবে।

ঘ. বৈষম্য দূরীকরণ এবং নতুন পাঠ্যক্রম বাস্তবায়ন


সুবিধাবঞ্চিত গোষ্ঠীর শিক্ষার্থীদের সহায়তার জন্য শিক্ষক এবং কর্মকর্তাদের সক্ষমতা

শিক্ষক ও কর্মকর্তাদের একটি উল্লেখযোগ্য অংশ জানিয়েছেন, সুবিধাবঞ্চিত শিক্ষার্থীদের সহায়তার জন্য প্রাসঙ্গিক দক্ষতা বাড়াতে তারা স্ব-শরীরে প্রশিক্ষণ এবং পরবর্তী সময়ে নিয়মিত অনলাইন আপডেট ও রিফ্রেশার্স প্রশিক্ষণ চেয়েছেন।

জেলা পর্যায়ে কর্মকর্তাগণ অন্যান্য ধরনের সহায়তা, বিশেষ করে আইটি সুবিধাসম্বলিত উপযুক্ত শ্রেণিকক্ষ এবং শিক্ষার প্রাসঙ্গিক বিষয়বস্তু আইটির মাধ্যমে প্রচারের জন্য অনুরোধ করেছেন।

ঝরে পড়া শিক্ষার্থীদের স্কুলে ফিরিয়ে আনা

চিত্র ০.১৩: ঝরেপড়া শিক্ষার্থীদের স্কুলে ফিরিয়ে আনার জন্য যেসব উদ্যোগ নেওয়া যেতে পারে




১. বিদ্যালয়ে দুপুরের খাবার প্রদান
২. দারিদ্র্যপীড়িত এলাকায় স্থানীয় সরকার প্রতিনিধি এবং শিক্ষকদের সম্পৃক্ত করে কমিটি গড়ে তোলা
৩. প্রতিটি বিদ্যালয়ে এই ধরনের দল গঠন করা
৪. সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় দরিদ্র শিক্ষার্থী ও তার পরিবারকে অন্তর্ভুক্ত করা
৫. স্কুল ও শ্রেণিকক্ষের পাঠদান শিক্ষার্থীদের নিকট আকর্ষণীয় করে তোলা
৬. দুর্বল শিক্ষার্থীদের জন্য বিশেষ ক্লাসের উদ্যোগ নেওয়া
৭. অন্যান্য

বেশিরভাগ শিক্ষক স্কুলে মিড-ডে মিলকে ঝরে পড়া শিক্ষার্থীদের ফিরিয়ে আনার জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ এবং কার্যকর পদক্ষেপ হিসাবে বিবেচনা করেছেন। শিক্ষক ও কর্মকর্তাদের অন্যান্য পরামর্শগুলোর মধ্যে ছিল কমিটি গঠন করা, স্কুলগামী শিশুদের সঙ্গে দরিদ্র ও সুবিধাবঞ্চিত পরিবারগুলোর জন্য সামাজিক নিরাপত্তা কর্মসূচির পরিধি বাড়ানো, স্কুল এবং শ্রেণিকক্ষের পাঠদানকে শিক্ষার্থীদের কাছে আকর্ষণীয় করে তোলা এবং পিছিয়ে পড়া শিক্ষার্থীদের জন্য পড়ালেখায় আরও সহায়তা প্রদান করা।

নতুন পাঠ্যক্রম বাস্তবায়নে সহায়তা করার জন্য যা প্রয়োজন

চিত্র ০.১৪: নতুন পাঠ্যক্রম সম্পর্কে শিক্ষক ও শিক্ষা কর্মকর্তাদের অভিমত



১. নিয়মিত ক্লাস/ অতিরিক্ত ক্লাস
২. শিক্ষার্থীদের যত্ন নেওয়া/ শিক্ষার্থীদের সম্পৃক্ততা
৩. শিক্ষকদের সক্ষমতা বৃদ্ধি/ শিক্ষকদের সক্রিয়তা
৪. সহ-পাঠ্যক্রম কার্যক্রম/ আইসিটির ব্যবহারকে উৎসাহিত করা
৫. সরকারের নির্দেশাবলী অনুসরণ করা
৬. অভিভাবকদের সচেতনতার ওপর জোর দেওয়া

নতুন পাঠ্যক্রম ও পাঠ্যপুস্তকের জন্য শিক্ষক ও শিক্ষা কর্মকর্তাদের মনোযোগী, প্রশিক্ষিত ও প্রস্তুত করা হবে বলে আশা করা হচ্ছে, যা ২০২৩ সাল থেকে শুরু হওয়ার প্রক্রিয়ায় রয়েছে। চিত্র ০.১৪ একটি মিশ্র অবস্থা দেখিয়েছে যদিও তা কোনো সুনির্দিষ্ট ধরন উপস্থাপন করেনি। তবে বোঝা যাচ্ছে, শ্রেণিকক্ষে নতুন পাঠ্যক্রমের কার্যকর বাস্তবায়নের জন্য এই সমস্ত উপাদানগুলোকে অন্তর্ভুক্ত করে একটি নিয়মতান্ত্রিক পরিকল্পনা প্রয়োজন।


পাঠ্যক্রম বাস্তবায়ন এবং শিখন পুনরুদ্ধার

শিখন ক্ষতি পুনরুদ্ধার এবং শিখন ঘাটতি পূরণে প্রস্তাবিত পাঠ্যক্রম বাস্তবায়নের প্রক্রিয়া সম্পর্কে জিজ্ঞাসা করা হলে শিক্ষক এবং কর্মকর্তাদের উত্তর দুটি ধারণার ওপর কেন্দ্রীভূত ছিল— ক) প্রচলিত পদ্ধতি এবং তথ্যপ্রযুক্তির সমন্বিত ব্যবহার এবং খ) প্রচলিত শিক্ষাদান পদ্ধতির পরিবর্তে দলগত কাজে শিক্ষার্থী এবং শিক্ষকদের সহায়ক ভূমিকা সম্পৃক্ত করা। এটি একটি সমন্বিত পদ্ধতি অনুসরণের জন্য স্কুল এবং শিক্ষকদের প্রস্তুত করার প্রয়োজনীয়তাকে ইঙ্গিত করে যা হতে হবে সরাসরি নির্দেশনা এবং প্রযুক্তির মিশ্রণ।

ঙ. কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ

কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ তরুণ শিক্ষার্থীদের একটি নির্দিষ্ট কোর্স বা পেশায় ব্যবহারিক দক্ষতা ও জ্ঞান উন্নয়নের একটি চমৎকার সুযোগ। বর্তমান স্থানীয় ও বৈশ্বিক বাজারের চাহিদার সঙ্গে কোর্সগুলোর মানিয়ে নেওয়া খুব গুরুত্বপূর্ণ। তবে সমীক্ষার উপাত্ত একটি ভিন্ন চিত্র দেখিয়েছে। জরিপে অংশ নেওয়া ৩১ শতাংশ শিক্ষার্থীর মতে, প্রস্তাবিত কিছু কোর্স অন্যগুলোর তুলনায় বাজারমুখী হলেও কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষায় কর্মরত ৭০ শতাংশ এরও বেশি শিক্ষক মনে করেন যে, কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষার পাঠ্যক্রমের বেশিরভাগ কোর্স বর্তমান বাজারের চাহিদা পূরণ করতে পারছে না, এগুলো বরং পুরানো ধাঁচের।

চিত্র ০.১৫: বাজারের চাহিদা অনুযায়ী চলমান ট্রেড কোর্স সম্পর্কে অভিমত




কারিগরি শিক্ষায় পরিবর্তন আনতে শিক্ষকদের প্রস্তুতি বৃদ্ধি

সামনের বছরগুলোতে বৈশ্বিক শিল্পবিপ্লব বাংলাদেশের কারিগরি শিক্ষার ক্ষেত্রেও উল্লেখযোগ্য পরিবর্তন আসবে বলে আশা করা হচ্ছে। যেহেতু প্রযুক্তি দ্রুত বিকশিত হচ্ছে, তাই বাংলাদেশের কারিগরি শিক্ষাক্ষেত্রের শিক্ষকদের এই পরিবর্তনের জন্য প্রস্তুত থাকতে হবে। তবে, জরিপের ফলাফলে দেখা গেছে-

- জরিপে অংশ নেওয়া প্রায় ৫৬ শতাংশ শিক্ষক মনে করেন যে, চতুর্থ শিল্প বিপ্লব কর্তৃক আনা প্রযুক্তিগত পরিবর্তনের চাহিদা মেটাতে তাদের অতিরিক্ত প্রশিক্ষণের প্রয়োজন;
- প্রায় ২৬ শতাংশ উত্তরদাতা মনে করেন যে, প্রতিষ্ঠানগুলোতে হালনাগাদ প্রযুক্তি ও উপকরণের প্রয়োজন হবে;

- কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষার ২২ শতাংশ শিক্ষক শ্রেণিকক্ষে ডিজিটাইজেশনের প্রয়োজন বলে মত দিয়েছেন। উত্তরদাতাদের ১৫ শতাংশ দক্ষ কর্মী ও আর্থিক প্রণোদনা বাড়ানোর অনুরোধ করেছেন।

চিত্র ০.১৬: বর্তমান অবস্থা পরিবর্তনের জন্য শিক্ষকদের প্রস্তুতি




- | | |
|--------------------------------------|--------------------------------|
| ১. আরো প্রাসঙ্গিক প্রশিক্ষণ প্রয়োজন | ৪. শ্রেণিকক্ষে ডিজিটাইজেশন করা |
| ২. দক্ষ জনবল ও আর্থিক সহায়তা প্রদান | ৫. অবকাঠামোগত উন্নয়ন |
| ৩. নতুন প্রযুক্তি ও উপকরণ প্রদান | |

বর্তমান বাজারের চাহিদা ও অর্থনৈতিক প্রেক্ষাপট বিবেচনায় বাংলাদেশে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা কোর্স পরিচালনা করা একটি বিশেষ চ্যালেঞ্জ। সবচেয়ে বড় চ্যালেঞ্জ হলো দ্রুত পরিবর্তিত বৈশ্বিক বাণিজ্য চাহিদার সঙ্গে তাল মিলিয়ে চলা এবং প্রতিযোগিতামূলক চাকরির বাজারে প্রাসঙ্গিক থাকা। আরেকটি চ্যালেঞ্জ হলো সম্পদ ও দক্ষ প্রশিক্ষকের অভাব। কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা প্রতিষ্ঠানের উত্তরদাতাগণ যেসব চাহিদার কথা উল্লেখ করেছেন তা হলো-

- কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষার প্রশিক্ষকদের দুই-তৃতীয়াংশ (৬৫.৯ শতাংশ) বর্তমান চাকরির বাজার এবং বিশ্বব্যাপী চাহিদা মেটাতে শ্রেণিকক্ষে আধুনিক প্রযুক্তিগত উপকরণ দাবি করেছেন;
- প্রায় ৪৮ শতাংশ উত্তরদাতা কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে অগ্রহী শিক্ষার্থী এবং যোগ্যতাসম্পন্ন শিক্ষকের অভাবের কথা তুলে ধরেছেন;
- একটি ছোট অংশ কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষায় কর্মরত শিক্ষকদের আরও প্রশিক্ষণ প্রদান এবং শিক্ষা কার্যক্রমের সঙ্গে যুক্ত কর্মীদের সংখ্যা বাড়ানোর দাবি করেছেন।

বর্তমান চ্যালেঞ্জ মোকাবেলায় পরামর্শ

চিত্র ০.১৭: প্রতিষ্ঠানগুলোর বর্তমান চ্যালেঞ্জসমূহ কাটিয়ে উঠার বিষয়ে অভিমত



১. আর্থিক ও অন্যান্য ক্ষেত্রে সরকারি সহায়তা প্রয়োজন
২. প্রশিক্ষক নিয়োগ
৩. কারিগরি শিক্ষা (TVET) সম্পর্কিত প্রচারণা বাড়ানো
৪. আধুনিক ল্যাবরেটরি প্রতিষ্ঠা

উত্তরদাতারা বর্তমানে প্রতিষ্ঠানগুলো যে চ্যালেঞ্জের মুখোমুখি হচ্ছে তা মোকাবেলায় নিম্নলিখিত ব্যবস্থা গ্রহণের ওপর জোর দিয়েছেন:

- উত্তরদাতাদের ৪৩ শতাংশ চ্যালেঞ্জগুলো কাটিয়ে উঠতে উপযুক্ত প্রশিক্ষক নিয়োগের আহ্বান জানিয়েছেন, এবং ৩৬ শতাংশ আর্থিক সহায়তা বৃদ্ধিসহ সরকারি সহায়তা চেয়েছেন;
- জরিপকৃত শিক্ষকদের ২৫ শতাংশ আধুনিক পরীক্ষাগার সুবিধার ওপর জোর দিয়েছেন, যেখানে ৯ শতাংশ মনে করেন যে, সম্ভাব্য প্রশিক্ষণার্থী এবং নিয়োগকর্তাদের মধ্যে প্রচারাভিযানের মাধ্যমে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা বিষয়ে প্রচার করা প্রয়োজন।

৯০ শতাংশ শিক্ষক মনে করেন শিখন ঘাটতি কমানোর জন্য প্রস্তাবিত স্বল্পমেয়াদি পুনরুদ্ধার পদক্ষেপগুলো হতে পারে ক্লাস (অতিরিক্ত ক্লাস/অনলাইন ক্লাস/ব্যবহারিক) বৃদ্ধি করা। মধ্যমেয়াদি পুনরুদ্ধার পদক্ষেপ (অতিরিক্ত ক্লাস/অনলাইন ক্লাস)-এর কথা উল্লেখ করেছেন ৫৬ শতাংশের বেশি শিক্ষক। ১৭ শতাংশ শিক্ষক বলেছেন কারিগরি শিক্ষায় আধুনিক উপকরণ অন্তর্ভুক্ত করা। দীর্ঘমেয়াদি পুনরুদ্ধারের (অতিরিক্ত ক্লাস/মিশ্র পদ্ধতি ক্লাস/নিয়মিত ক্লাস, আধুনিক উপকরণ ও হালনাগাদ পাঠ্যক্রম) পরিকল্পনার কথা উল্লেখ করেছেন প্রায় ৮৬ শতাংশ শিক্ষক।

কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষার সামগ্রিক উন্নতি নিয়ে তাদের মতামতের মধ্যে রয়েছে:


- ৫৬ শতাংশ উত্তরদাতা শিক্ষকদের জন্য পর্যাপ্ত প্রশিক্ষণ প্রদানের পরামর্শ দিয়েছেন;
- ৪২ শতাংশ শিক্ষক আইসিটি উপকরণের পর্যাপ্ত সরবরাহের প্রস্তাব করেছেন;
- ৩৩ শতাংশ শিক্ষক প্রশিক্ষার্থীদের আইসিটি দক্ষতা বৃদ্ধির পরামর্শ দিয়েছেন।

চ. মাধ্যমিক পর্যায়ে শিখন মূল্যায়ন

বাংলা, ইংরেজি এবং গণিত বিষয়ে ৯০ মিনিটের পরীক্ষার মাধ্যমে শিক্ষার্থীদের শিখনদক্ষতা মূল্যায়ন করা হয়েছে। অষ্টম শ্রেণির পাঠ্যক্রমে নির্ধারিত দক্ষতা পর্যালোচনা করে পরীক্ষাটি উদ্দেশ্যমূলকভাবে মধ্যম মানের কঠিন করা হয়েছিল। গবেষণা সহকারীগণ মাঠ পর্যায়ে দৈবচয়নের মাধ্যমে প্রতিটি স্কুল থেকে প্রয়োজনীয় সংখ্যক শিক্ষার্থী নির্বাচন করে মূল্যায়ন পরীক্ষা পরিচালনা করেছেন। প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা পর্যায়ে প্রচলিত মূল্যায়ন পদ্ধতি ব্যবহার করে শিক্ষার্থীদের প্রাপ্ত নম্বরকে হ্রেডে রূপান্তরিত করা হয়েছে।

মূল্যায়নে শিক্ষার্থীদের ফলাফল

চিত্র ০.১৮: শ্রেণিভিত্তিক শিক্ষার্থীদের ফলাফল




সামগ্রিক ফলাফলে দেখা গেছে যে, অষ্টম শ্রেণির ২৮.৯ শতাংশ শিক্ষার্থী ৩৩ শতাংশ নম্বর অর্জন করতে পারেনি এবং নবম শ্রেণির ক্ষেত্রে এটি ছিল ২৬.২ শতাংশ। ডি হ্রেড (৩৩ থেকে ৩৯ শতাংশ নম্বর) অর্জন করেছেন অষ্টম শ্রেণিতে

৩৬.১ শতাংশ এবং নবম শ্রেণিতে ৩৩.৫ শতাংশ শিক্ষার্থী। অষ্টম শ্রেণির সিলেবাসের উপর ভিত্তি করে দুটি শ্রেণিতে ইংরেজি, বাংলা এবং গণিতে মোট নম্বরের ২.৬ শতাংশ পয়েন্টের পার্থক্য ইঙ্গিত দেয় যে, মহামারী জনিত স্কুল বন্ধের কারণে শিক্ষার্থীদের শিখনের ওপর সামগ্রিকভাবে বিরূপ প্রভাব পড়েছে।

বিষয়ভিত্তিক পারফরমেন্স

অষ্টম শ্রেণির শিক্ষার্থীদের বিষয়ভিত্তিক ফলাফলে দেখা গেছে, ৮-২ শতাংশ শিক্ষার্থী বাংলায়, ইংরেজিতে ৬৫ শতাংশ এবং ৬৬ শতাংশ শিক্ষার্থী গণিতে ৩৩ শতাংশ নম্বর পেয়ে পাস করেছে। নবম শ্রেণির শিক্ষার্থীদের ফলাফল অষ্টম শ্রেণির তুলনায় সামান্য ভালো। নবম শ্রেণির শিক্ষার্থীদের মধ্যে বাংলায় ৮৪ শতাংশ, ইংরেজিতে ৭২ শতাংশ এবং গণিতে ৬৫ শতাংশ পাস করেছে। মূল্যায়নে ছেলেদের তুলনায় মেয়েরা তুলনামূলকভাবে ভালো ফলাফল করেছে। উদাহরণস্বরূপ, মূল্যায়নে অষ্টম শ্রেণির শিক্ষার্থীদের মধ্যে ৭৪ শতাংশ মেয়ে উত্তীর্ণ হয়েছে, আর ছেলেদের মধ্যে এই হার ৬৮ শতাংশ। নবম শ্রেণির শিক্ষার্থীদের মধ্যে ৭৫ শতাংশ মেয়ে এবং ছেলেদের ৭৩ শতাংশ উত্তীর্ণ হয়েছে।

চিত্র ০.১৯: জেলাভিত্তিক শিক্ষার্থীদের সামগ্রিক ফলাফল



উভয় শ্রেণিতে শিক্ষার্থীদের সামগ্রিক ফলাফলে দেখা গেছে, যশোর জেলায় সর্বোচ্চ ৯০.৫ শতাংশ উত্তীর্ণ হয়েছে। শিক্ষার্থীদের ফলাফল সবচেয়ে পিছিয়ে আছে হবিগঞ্জ জেলায়, যেখানে মোট পাসের হার ৪২.৯ শতাংশ। আরও দেখা যায় যে, মায়েদের শিক্ষার সঙ্গে শিক্ষার্থীদের শিখন ফলের উল্লেখযোগ্য সম্পর্ক রয়েছে।

উপসংহার এবং সুপারিশ

গবেষণার প্রাপ্ত ফলাফলে ভিত্তিতে এই উপসংহার এবং সুপারিশমালা প্রস্তুত করা হয়েছে। এছাড়া, এডুকেশন ওয়াচ-এর কারিগরি ও উপদেষ্টা কমিটির মতামত ও পরামর্শ অনুযায়ী সংশোধন এবং পরিমার্জন করা হয়েছে।

প্রধান উপসংহার

পুনরুদ্ধার ও প্রতিকারমূলক ব্যবস্থা ও কার্যক্রম

১. বিভিন্ন গবেষণার ফলাফলে দেখা গেছে, দীর্ঘ সময় স্কুল বন্ধ থাকার কারণে শিক্ষার্থী, শিক্ষক এবং তাদের পরিবারের ওপর মহামারীর বিস্তৃত প্রভাব পড়েছে। এ কারণে উল্লেখযোগ্য শিখনক্ষতি এবং শিখনঅর্জনে ঘাটতি তৈরি হয়েছে, যদিও এই গবেষণার মাধ্যমে ক্ষতির পরিমাণ সুনির্দিষ্টভাবে পরিমাপ করা হয়নি। কারণ এর জন্য প্রয়োজন একটি নির্ভরযোগ্য বেইসলাইন আর ক্ষতি পরিমাপের জন্য শিক্ষা কর্তৃপক্ষের পর্যাপ্ত প্রচেষ্টা ও মনোযোগ। বাংলাদেশের স্কুল শিক্ষার্থীদের মধ্যে যে শিখন ঘাটতি তৈরি হয়েছে তা ইতোমধ্যে উল্লেখযোগ্যভাবে স্পষ্ট। শিক্ষাবিদগণ মনে করেন, শিখনক্ষতি কমানোর জন্য একটি বিস্তৃত ও দীর্ঘমেয়াদি পুনরুদ্ধার পরিকল্পনা প্রয়োজন। আন্তর্জাতিক প্রতিবেদনগুলো প্রমাণসহ নিম্ন এবং মধ্যম আয়ের দেশগুলোতে শিখনক্ষতি ও উদ্বেগ প্রকাশ করেছে।
২. শিক্ষার্থী ও অভিভাবক এবং শিক্ষক ও শিক্ষা কর্মকর্তাদের মধ্যে মত ও ধারণায় ভিন্নতা ছিল। শিক্ষায় পুনরুদ্ধার এবং নতুন পদক্ষেপের বিষয়ে শিক্ষা কর্তৃপক্ষের নিকট থেকে শিক্ষক এবং স্কুলগুলোর প্রাপ্ত সহায়তার ক্ষেত্রে এই পার্থক্যগুলো দেখা গেছে।
৩. শিক্ষার্থীরা শিখনক্ষতি এবং ঘাটতি মোকাবেলার জন্য ব্যাপকভাবে প্রাইভেট টিউটরিং এবং বাণিজ্যিক গাইডবইয়ের উপর নির্ভর করেছে। উপরন্তু, শিক্ষার্থীদের উচ্চতর শ্রেণিতে উত্তীর্ণ হওয়ার সুযোগ দেওয়া হয়েছে। যদিও তারা নিয়মিত শিক্ষা কার্যক্রমে অংশ নেয়নি এবং উচ্চশ্রেণির পাঠের জন্য প্রস্তুত ছিল না। প্রাইভেট টিউটরিংয়ের ওপর অতি নির্ভরতা শিক্ষার অব্যাহত বেসরকারিকরণ এবং বাণিজ্যিকীকরণকে প্রতিফলিত করেছে।
৪. শ্রেণিকক্ষের শিক্ষণ-শিখন বাদ দিয়ে প্রাইভেট টিউটরিং এবং বাণিজ্যিক গাইডবইয়ের উপর নির্ভরতা পরিবারের সামর্থ্যের বাইরে ব্যয় বাড়িয়ে শিক্ষায় বৈষম্যকে আরও প্রকট করে তুলেছে।

৫. কোভিড ১৯-এর প্রভাব শুধু স্বাস্থ্যের মধ্যেই সীমাবদ্ধ ছিল না, প্রান্তিক জনগোষ্ঠীর জীবিকার ওপর তা নেতিবাচক প্রভাব ফেলেছে যার ফলে দেশের সামাজিক ও অর্থনৈতিক খাতে দীর্ঘমেয়াদি ক্ষতিকর প্রভাব পড়েছে।

এটি অনিবার্য যে, স্কুল বন্ধের কারণে বাংলাদেশসহ বিশ্বব্যাপী শিক্ষার ক্ষতি হয়েছে উল্লেখযোগ্য মাত্রায়। শিখনক্ষতি পুষিয়ে নিতে সরকার বেশ কিছু উদ্যোগ গ্রহণ করেছে। কিন্তু তার পরিমাণ প্রয়োজনের তুলনায় অপ্রতুল। অন্যান্য দেশের মতো, শিক্ষার্থীদের শিখন অগ্রগতি, কল্যাণ, ভবিষ্যৎ অর্জন এবং অর্থনৈতিক উৎপাদনশীলতার ওপর দীর্ঘমেয়াদি নেতিবাচক প্রভাব এড়াতে এই ক্ষতিগুলো পুনরুদ্ধারের প্রচেষ্টা প্রয়োজন।

শিক্ষক এবং স্কুলগুলোর প্রাপ্ত সহায়তা

১. শিক্ষক, কর্মকর্তা, অভিভাবক এবং এনজিও প্রতিনিধিদের মধ্যে প্রয়োজনীয় সহায়তার তুলনায় শিক্ষকদের প্রাপ্ত সহায়তা সম্পর্কে বিভিন্ন ধরনের ধারণা লক্ষ্য করা গেছে। উদাহরণস্বরূপ, দীর্ঘ বন্ধ এবং স্কুল কার্যক্রম ব্যাহত হওয়ার পরে নতুন পরিস্থিতি মোকাবেলা করতে তাদের জন্য আয়োজিত ওরিয়েন্টেশন এবং কর্মশালা সম্পর্কে শিক্ষকদের প্রদত্ত তথ্যের পার্থক্য লক্ষ্য করা গেছে। যদিও প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হয়েছে বলে মনে করছেন স্থানীয় পর্যায়ের শিক্ষা কর্মকর্তাগণ।
২. মহামারীর প্রভাবে বৈষম্যের বৃদ্ধি সম্পর্কে মতামতের ক্ষেত্রেও ভিন্নতা ছিল। বিভিন্ন উৎস থেকে প্রাপ্ত প্রমাণ সেই বৈষম্যের বৃদ্ধি সম্পর্কেই ইঙ্গিতই দেয়, যা এনজিও প্রতিনিধিগণও সমর্থন করেছেন। এই ক্ষেত্রে পরিকল্পিত বা গৃহীত পদক্ষেপকে গুরুত্ব না দিয়ে শিক্ষক ও কর্মকর্তাগণ এই ধরনের কোনও সমস্যা দেখেননি (মহামারীর আগে যা ছিল তার বাইরে) বলে জানিয়েছেন।
৩. বেশিরভাগ শিক্ষকের মধ্যে তাদের নিজ নিজ দায়িত্বের প্রতি কম মনোযোগ দিয়ে শিক্ষার্থী এবং তাদের পরিবারকে শিখন সমস্যার জন্য দায়ী করার প্রবণতা লক্ষ্য করা গেছে। তাদের নিজ ভূমিকার যথাযথ প্রয়োগের অভাব শিক্ষকদের কার্যকারিতা বাড়াতে সহায়ক হতে পারে না।
৪. প্রযুক্তি-সম্পর্কিত সহায়তার ক্ষেত্রে, সুনির্দিষ্ট যে পদক্ষেপ দরকার, তা হচ্ছে আইসিটি-ভিত্তিক শিক্ষা উপকরণের আরও বেশি ব্যবহার এবং সেই উদ্দেশ্যে শিক্ষকদের যথাযথভাবে প্রস্তুত করা। প্রযুক্তি-সহায়ক শিক্ষার আরও ভালো ব্যবহারের জন্য এই কার্যক্রমকে অগ্রাধিকার দেওয়া প্রয়োজন।

৫. প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ে শিক্ষকগণ অর্থনৈতিক সংকট ও দুশ্চিন্তায় ভুগছেন, যা তাদের দায়িত্ব পালনের সক্ষমতাকে ব্যাহত করেছে। এছাড়া মহামারীর কারণে শিক্ষক পরিবারের আর্থিক অবস্থা পূর্বের তুলনায় আরো খারাপ হয়েছে।

শিখন প্রযুক্তি এবং মিশ্র পদ্ধতির ব্যবহার

১. মহামারীকালে ডিজিটাল প্রযুক্তি ব্যবহারের অভিজ্ঞতা থেকে এর সমস্যা এবং সম্ভাবনা উভয় দিকই দৃষ্টিগোচর হয়েছে। এটি এখন স্পষ্ট যে, ভবিষ্যতে শিখনে মিশ্রপদ্ধতি ব্যবহারের আদর্শ রূপ হবে সরাসরি ও ভার্চুয়াল শিখনের সংমিশ্রণ।
২. প্রযুক্তিভিত্তিক শিক্ষার ব্যবহার সম্পর্কিত উত্তরগুলো ছিল দ্বিধাবিভক্ত এবং অংশীজনদের চ্যালেঞ্জগুলো আরো গভীরভাবে অনুধাবন প্রয়োজন। নির্দিষ্ট বিষয়ে বিস্তৃত যেসব ইতিবাচক প্রতিক্রিয়া পাওয়া গেছে তা স্কুলে প্রযুক্তির ব্যবহার এবং অনুষীলন সম্পর্কে প্রাপ্ত অন্যান্য তথ্যের সঙ্গে সাংঘর্ষিক। এগুলো সম্ভবত স্কুল ব্যবস্থায় এই ধরনের প্রযুক্তির ব্যবহার অংশীজনদের সীমিত প্রত্যাশার প্রতিফলিত করেছে।

বৈষম্যমূলক কর্মকাণ্ড থেকে উত্তোরণ

১. মহামারী পরবর্তী শিক্ষা পুনরুদ্ধারের সময় বৈষম্যের বিষয়গুলো বিবেচনা এবং সংশোধিত পাঠ্যক্রমটি যথাযথভাবে বাস্তবায়ন করা জরুরি প্রয়োজন। শিক্ষক এবং কর্মকর্তাদের একটি বড় অংশ মত প্রকাশ করেছেন যে, প্রাসঙ্গিক দক্ষতা বাড়ানোর জন্য তাদের সরাসরি প্রশিক্ষণ দেওয়া প্রয়োজন। তারা প্রশিক্ষণ পরবর্তী নিয়মিত অনলাইন আপডেটের প্রয়োজনীয়তাও ব্যক্ত করেছেন।
২. বেশিরভাগ শিক্ষক প্রাথমিক স্তরের স্কুলে মিড-ডে মিলকে সবচেয়ে গুরুত্বপূর্ণ পদক্ষেপ হিসাবে দেখেছেন, যা স্কুল থেকে বারপড়া শিশুদের ফিরিয়ে আনতে এবং তাদের ধরে রাখতে ব্যবহার করা যেতে পারে। দীর্ঘদিন ধরে এই কার্যক্রমটি সরকারি বাজেটে আলোচনাধীন আছে, আর বিলম্ব না করে তা দ্রুত বাস্তবায়ন করা উচিত।
৩. উপর্যুক্ত বিষয়ে শিক্ষক ও কর্মকর্তাদের সক্ষমতা বৃদ্ধি বিষয়ে বিভিন্ন পদক্ষেপ নিয়ে অংশীজনগণ যে মতামত দিয়েছেন তা নির্দিষ্ট কোনো রূপ প্রদান করেনি। তবে তা থেকে এই পরামর্শ পাওয়া গেছে যে, শ্রেণিকক্ষে সংশোধিত পাঠ্যক্রম কার্যকরভাবে বাস্তবায়নের জন্য বিভিন্ন উপাদান অন্তর্ভুক্ত করে একটি নিয়মতান্ত্রিক পরিকল্পনা প্রণয়ন করা প্রয়োজন। পরিকল্পনা অনুযায়ী কাজ করার জন্য শিক্ষক ও কর্মকর্তাদের ভালোভাবে প্রস্তুত করাও গুরুত্বপূর্ণ।

৪. সামগ্রিকভাবে, স্কুল ও শিক্ষকদের সরাসরি নির্দেশনা ও প্রযুক্তির সমন্বিত পদ্ধতি অনুসরণের জন্য প্রস্তুত করার প্রয়োজনীয়তা এবং তা অব্যাহত রাখতে শিক্ষকদের জন্য নিয়মিত প্রশিক্ষণ ও পেশাগত সহায়তা কার্যক্রম চলমান রাখার পরামর্শ পাওয়া গেছে।
৫. বিশেষ চাহিদাসম্পন্ন শিশু, প্রত্যন্ত অঞ্চলে বসবাসরত এবং সুবিধাবঞ্চিত গোষ্ঠী, যেমন: দলিত এবং আদিবাসী সংখ্যালঘু, মহামারীর শিকার শিশুদের বিষয়ে পুনরুদ্ধার এবং প্রতিকার কৌশলে বিশেষ মনোযোগ দেওয়া প্রয়োজন।

মহামারী পরবর্তী কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা সম্পর্কে পর্যবেক্ষণ

সরকার দেশে কর্মসংস্থান এবং অর্থনৈতিক প্রবৃদ্ধির লক্ষ্যে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা উন্নয়নের ওপর বেশ জোর দিয়েছে। তবে, এই উপ-খাতে মহামারীর কারণে শিখনক্ষতি এবং ঘাটতির তাৎক্ষণিক সমস্যা ছাড়াও পরিচালন ব্যয় সুযোগ-সুবিধা, উপকরণের জন্য অপরিাপ্ত বাজেট এবং যোগ্য শিক্ষকের অভাবের মতো চলমান চ্যালেঞ্জ রয়েছে। কারণ এই সমস্যাগুলোর সমাধান না হলে পরিবর্তিত প্রযুক্তিগত প্রেক্ষাপটের সঙ্গে তাল মিলিয়ে চলতে সমস্যা হবে।

১. কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষার একটি বড় চ্যালেঞ্জ হলো আগ্রহী শিক্ষার্থী এবং যোগ্যতাসম্পন্ন শিক্ষকদের অভাব। যার কারণে শিক্ষার গুণগতমান ক্ষতিগস্ত হতে পারে। দ্রুত পরিবর্তীত চাকরির বাজার এবং বৈশ্বিক চাহিদার সঙ্গে প্রশিক্ষণের তাল মিলিয়ে চলার জন্য আধুনিক প্রযুক্তিগত উপকরণ এবং সম্পদের প্রয়োজনীয়তা পূরণ না হলে এই সমস্যা আরও প্রকট হবে।
২. একটি বিস্তৃত ও নমনীয় পদ্ধতি বাস্তবায়নের মাধ্যমে বাংলাদেশের কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা প্রতিষ্ঠানগুলো শিক্ষার্থীদের মহামারীর প্রভাব কাটিয়ে উঠতে এবং তাদের শিক্ষা ও ভবিষ্যত ক্যারিয়ারে সফল হতে সহায়তা করতে পারে। জরিপে অবশ্য শিক্ষকদের মতামতে কিছুটা গৎবাঁধা চিন্তাভাবনা প্রকাশ পেয়েছে। তারা আরও প্রশিক্ষণ, আরও কর্মী এবং বাজেট বরাদ্দ বৃদ্ধির বিষয়ে জোর দিয়েছেন।
৩. একটি টেকসই পুনরুদ্ধার পরিকল্পনার মাধ্যমে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে শিক্ষার ওপর মহামারীর দীর্ঘমেয়াদি প্রভাব মোকাবেলা করা যেতে পারে।

শিখন মূল্যায়ন

১. কোভিড-পরবর্তী সময়ে কমপক্ষে এক-তৃতীয়াংশ শিক্ষার্থী তাদের ক্লাসের পাঠের সঙ্গে মানিয়ে নিতে পারেনি। অতএব, মহামারীর কারণে শিক্ষা কার্যক্রম ব্যাহত হওয়ায় শিক্ষার্থীদের কোনো স্কুল-বছর হারাতে না দিয়ে উচ্চতর শ্রেণিতে উন্নীত করা উচিত বা শিক্ষার্থীরা কোনোভাবে তাদের শ্রেণি পর্যায়ে খাপ-খাইয়ে নেবে, এই ধারণাটির ভিত্তি খুব জোড়ালো ছিল না।
২. শ্রেণিভিত্তিক শিখন অর্জনের বেধঃমার্কের অভাবে শিক্ষার্থীরা এখন যা অর্জন করেছে এবং যা অর্জন করা উচিত ছিল -এই দুইয়ের মধ্যে শিখনক্ষতি বা ঘাটতির সুনির্দিষ্ট পরিমাণের কোনও উত্তর এই গবেষণায় দেওয়া হয়নি বরং এটি শিখনক্ষতির একটি চিত্র প্রকাশ করেছে। তবে, এটি অনুমান করা যুক্তিসঙ্গত হবে যে, পরীক্ষা মধ্যম স্তরের কঠিন হওয়ার কারণে, বেশিরভাগ শিক্ষার্থীর (৮০ শতাংশ বা তার বেশি) এ, বি বা সি গ্রেড অর্জনের ফলাফল প্রত্যাশা করা হয়েছিল। কিন্তু বাস্তবতা এই যে, দুই তৃতীয়াংশের বেশি শিক্ষার্থী এই প্রত্যাশা পূরণ করতে পারেনি।
৩. গবেষণার প্রাপ্ত ফলাফলে দেখা যায় যে, এক তৃতীয়াংশেরও বেশি শিক্ষার্থী হতাশাজনক 'এফ' বা 'ডি' গ্রেড পেয়েছে। পাস গ্রেড হিসাবে ৩৩ শতাংশ নম্বর গ্রহণের চর্চাটি সংশোধন করা দরকার। এর ফলে কোনো শিক্ষার্থী তাদের শ্রেণির জন্য নির্দিষ্ট কোনো বিষয়ের বিষয়বস্তুর দুই-তৃতীয়াংশ না শিখেই গ্রেড স্তরে ভাল করেছে বলে বিবেচিত হয়। শিক্ষাক্রম বাস্তবায়নের প্রচেষ্টাগুলো তখনই সফল হবে যখন শিক্ষার্থীরা শিখন অর্জন করার ক্ষেত্রে যে বাধার সম্মুখীন হয়, সেগুলোর সমাধান করা হবে।

সুপারিশ

উপরের ফলাফল, উপসংহার এবং অন্যান্য সকল কিছু ওপর ভিত্তি করে নিম্নলিখিত সুপারিশগুলো শিক্ষার্থীদের শিখন ক্ষতি হ্রাস ও তাদের শিখনের পথে ফিরিয়ে আনার জন্য দেওয়া হলো:

১. মহামারীর পরিণতি উপেক্ষা করা উচিত নয়। মহামারীর কারণে শিক্ষার ক্ষতি কমাতে শিক্ষা কর্তৃপক্ষ বেশ কিছু উদ্যোগ নিয়েছেন। তারপরও সরকারের শিক্ষার দৃষ্টিভঙ্গি ও বাস্তবতার মধ্যে বড় ব্যবধান রয়েছে। সম্প্রতি, সরকার নতুন পাঠ্যপুস্তকসহ একটি নতুন পাঠ্যক্রম চালু করেছে। কিন্তু মনে রাখতে হবে,

শিখনক্ষতি কমানো ও প্রতিকারমূলক পুনরুদ্ধার ছাড়া ‘মানসম্মত শিক্ষার’ লক্ষ্য অর্জন সম্ভব নয়। স্কুল বন্ধ থাকার সময় এবং এরপরে যে সমস্যাগুলো সামনে এসেছে তা বিবেচনা করতে হবে এবং পূর্বে থেকে বিদ্যমান যে বিষয়গুলো শিক্ষা ব্যবস্থাকে সমস্যাগ্রস্থ করে রেখেছে সেগুলো চিহ্নিত করতে হবে এবং সংস্কার ও প্রতিকারমূলক পদক্ষেপগুলো নেওয়ার জন্য নিরপেক্ষভাবে বিশ্লেষণ করতে হবে।

২. শিখনক্ষতি পুনরুদ্ধার এবং শিখন প্রতিকার। মাধ্যমিক শিক্ষার সকল শ্রেণির পাশাপাশি স্কুলভিত্তিক দ্রুত মূল্যায়ন বিবেচনা করে একটি বৈজ্ঞানিক নমুনা ভিত্তিক যথাযথ প্রায়োগিক গবেষণার মাধ্যমে শিক্ষা কর্তৃপক্ষকে প্রকৃত শিখনক্ষতি চিহ্নিত করতে হবে। সেক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, এনসিটিবি এবং শিক্ষা বোর্ড-কে শিখনক্ষতি ও ঘাটতি কমানোর জন্য একটি অ্যাকশন প্ল্যান প্রণয়নের লক্ষ্যে একত্রে কাজ করতে হবে। এই অ্যাকশন প্লানে সংশোধিত পাঠ্যক্রমের মৌলিক বিষয়গুলো - বাংলা, ইংরেজি, গণিত ও বিজ্ঞান বিষয়ের দক্ষতার ওপর জোর দিতে হবে। শ্রেণিকক্ষে পাঠদানের জন্য শিক্ষকের দক্ষতা ও সক্ষমতার ওপর জোর দিতে হবে।

৩. এক বছরের মধ্যে শিক্ষার্থীদের গ্রেড লেভেলে নিয়ে আসাকে অগ্রাধিকার দিতে হবে। কর্তৃপক্ষ শিক্ষার্থীদের গ্রেডের স্বাভাবিক অগ্রগতি চলমান রাখার সিদ্ধান্ত নিয়েছে- যা দেখে মনে হচ্ছে যেনো স্কুল বন্ধের কারণে দুটি অকার্যকর শিক্ষা বছরে কোনো ক্ষতি হয়নি। এখন যা করা দরকার তা হলো - স্কুলে সংশ্লিষ্ট গ্রেডের পাঠ প্রদান করার সময় শিক্ষার্থী এবং শিক্ষকদের পাঠগুলোর সঙ্গে খাপ-খাওয়াতে সহযোগিতা করা। দীর্ঘ সময় ধরে স্কুল বন্ধের কারণে তারা এই পাঠগুলোর জন্য প্রস্তুত নয়। এই প্রচেষ্টার অংশ হিসেবে, নিম্নলিখিত পদক্ষেপগুলোর মাধ্যমে গ্রেড এবং স্কুল-ভিত্তিক পুনরুদ্ধার পরিকল্পনা শুরু করা যেতে পারে:

- মূল দক্ষতা বিষয়ে (প্রাথমিক পর্যায়ে বাংলা ও গণিত এবং মাধ্যমিক পর্যায়ে বাংলা, ইংরেজি, গণিত ও বিজ্ঞান) শিক্ষার্থীদের অবস্থার গ্রেডভিত্তিক দ্রুত মূল্যায়ন করা;
- দ্রুত মূল্যায়নের মাধ্যমে নির্ধারিত ফলাফল দ্বারা শিক্ষার্থীদের গ্রুপ করে তাদের এক বছরের মধ্যে ন্যূনতম গ্রেডের যোগ্যতায় নিয়ে আসা;
- প্রতিটি স্কুলে ব্যবহারের জন্য সহজ মূল্যায়ন টুলসের পাশাপাশি পুনরুদ্ধারমূলক পাঠের জন্য গাইড ও বিষয়বস্তু তৈরি করা;
- মূল্যায়ন ও পুনরুদ্ধারমূলক শিক্ষা কার্যক্রম পরিচালনায় শিক্ষক ও বিদ্যালয়কে সহায়তা করা;

- শিক্ষার্থীদের শিক্ষাদানের লক্ষ্যে শিক্ষকদের জন্য মুদ্রিত ও অন-লাইন শিক্ষা উপকরণ সরবরাহ করা।

৪. শিক্ষক ও শিক্ষার্থী উভয়ের জন্য একটি কার্যকর মনিটরিং ব্যবস্থা গড়ে তোলা। শিক্ষার্থীদের শিখন অগ্রগতি জানতে, কার্যকর অভিমত জানানোর লক্ষ্যে তাদের পর্যবেক্ষণ ও মূল্যায়নের জন্য একটি কার্যকর মনিটরিং ব্যবস্থা তৈরি করা উচিত। এই পদ্ধতিতে এইউইও/ইউইও/ইউআরসিআই (প্রাথমিক শিক্ষার জন্য) এবং ইউএসইও/একাডেমিক সুপারভাইজারদের (মাধ্যমিক শিক্ষার জন্য) শিক্ষকদের সঙ্গে সহযোগিতামূলক এবং আন্তরিক সম্পর্ক বজায় রেখে তাদের পর্যবেক্ষণ করা ও পরামর্শ দেওয়া প্রয়োজন। শিক্ষার্থীদের নিয়মিত উপস্থিতি নিশ্চিতকরণ এবং তাদের শিখনের ওপর নজর রাখতে পিতামাতাকে অবশ্যই সন্তানদের শিক্ষায় সক্রিয়ভাবে যুক্ত থাকতে হবে। মাসিক অভিভাবক সভা ও ধারাবাহিক এসএমসি সভা পরিচালনার মাধ্যমে অভিভাবক, শিক্ষার্থী, শিক্ষক ও এসএমসির মধ্যে কার্যকর যোগাযোগ, সমন্বয় ও সহযোগিতা নিশ্চিত করতে হবে।

৫. অধিক প্রবৃদ্ধির জন্য শিক্ষায় বিনিয়োগ করা। সরকার জাতীয় বাজেটের অন্তত ২০ শতাংশ বা জিডিপি ৪-৬ শতাংশ শিক্ষাখাতে বিনিয়োগে প্রতিশ্রুতিবদ্ধ। কিন্তু গত দুই দশক ধরে বরাদ্দ এখনও জাতীয় বাজেটের ১০/১২ শতাংশ এবং জিডিপি ২ শতাংশের মধ্যে ঘুরপাক খাচ্ছে। সরকারের উচিত শিক্ষাখাতে বরাদ্দকে ভবিষ্যতের উন্নতির জন্য বিনিয়োগ হিসেবে বিবেচনা করা, ব্যয় হিসেবে নয়। প্রতিবন্ধী শিশু, প্রত্যন্ত অঞ্চলে বসবাসকারী ও নৃতাত্ত্বিক সংখ্যালঘু শিশু, শিশুশ্রম ও বাল্যবিবাহের ঝুঁকিতে থাকা শিশু, পথশিশু এবং অল্প বয়স্ক শিশুসহ সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর যত্ন ও উন্নয়ন সেবা প্রয়োজন, তাদের জন্য জাতীয় ও আন্তর্জাতিক অঙ্গীকারের সঙ্গে সামঞ্জস্য রেখে বরাদ্দ বাড়াতে হবে। এই জনগোষ্ঠীর কাছে পৌঁছানোর জন্য সকল শিখন পুনরুদ্ধার কার্যক্রমে বিশেষ বিধান এবং তহবিল থাকা প্রয়োজন। শিখন ঘাটতি এবং পুনরুদ্ধার কার্যক্রমে খাপ-খাওয়াতে শিক্ষাপ্রতিষ্ঠান ও শিক্ষকদের সহায়তার জন্য বিশেষ বাজেট বরাদ্দ করা উচিত।

৬. এনজিও এবং সুশীল সমাজের সঙ্গে অংশীদারিত্ব। সুবিধাবঞ্চিত ও নিম্ন আয়ের শিক্ষার্থীদের বিদ্যালয়ে ফিরিয়ে আনতে, তাদের ধরে রাখতে এবং শিশুশ্রম ও মেয়েদের বাল্যবিবাহ রোধে স্কুল ব্যবস্থাপনা, স্থানীয় সরকার সংস্থা, এনজিও ও সুশীল সমাজের অংশগ্রহণে প্রতিটি ইউনিয়ন ও উপজেলা পর্যায়ে সচেতনতা বৃদ্ধি এবং কমিউনিটি সহায়তার জন্য আর্থিক সংস্থানসহ কর্মসূচি গ্রহণ করতে হবে। এছাড়া শিক্ষা, যুব ও নারী সংশ্লিষ্ট ফোরাম, অধিকার সংস্থা ও এনজিওগুলোকে

জাতীয় ও স্থানীয় পর্যায়ে এই প্রচারাভিযানে অংশ নিতে আগ্রহী করে তুলতে হবে। এই বিস্তৃত অংশীদারিত্বকে জাতীয় লক্ষ্য এবং এসডিজি-৪ এজেন্ডার আলোকে শিক্ষার গুণগত মান, সমতা এবং অম্লভুক্তি নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে যুক্ত করতে হবে। শিক্ষায় অসমতা, বারপড়া শিশুদের স্কুলে ফিরিয়ে আনতে তাদের জন্য মিড-ডে মিল ও মনো-সামাজিক সহায়তার ব্যবস্থা সম্প্রসারণে কমিউনিটি এবং এনজিওদের যুক্ত করতে হবে।

নতুন পাঠ্যক্রম ও পাঠ্যপুস্তক প্রণয়নে রাজনৈতিক প্রভাব, সময় ও কার্যকর পরিকল্পনার অভাব, সাংগঠনিক অদক্ষতা ও অব্যবস্থাপনাসহ বিভিন্ন সমস্যা রয়েছে। বিদ্যমান সমস্যাগুলো নিরসনে এখানে প্রস্তাবিত ব্যবস্থা গ্রহণ করে শিক্ষার্থী, শিক্ষক ও স্কুলগুলোকে প্রস্তুত করতে না পারলে সমস্যা বহুগুণে বৃদ্ধি পাবে এবং তা নিয়ন্ত্রণের বাইরে চলে যেতে পারে।

গবেষণায় যারা বিভিন্নভাবে সম্পৃক্ত

ড. কাজী খলীকুজ্জমান আহমদ^১
 ড. মনজুর আহমদ^{১,৩}
 চৌধুরী মুফাদ আহমেদ^{২,৩}
 গিয়াসউদ্দিন আহমেদ^{২,৩}
 জসিমউদ্দিন আহমেদ^২
 অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ^২
 রমিজ আহমেদ^২
 তাহসিনা আহমেদ^২
 ড. অধ্যাপক কাজী সালেহ আহমেদ^২
 অধ্যাপক শফি আহমেদ^২
 ড. মোহাম্মদ তারিক আহসান^২
 মাহমুদা আক্তার^২
 শিরীন আকতার^২
 সৈয়দা তাহমিনা আকতার^২
 মোঃ মুরশীদ আক্তার^২
 এবিএম খোরশেদ আলম^২
 খন্দকার জহিরুল আলম^২
 ড. মাহমুদুল আলম^২
 অধ্যাপক মোঃ শফিউল আলম^২
 অধ্যাপক এস. এম. নূরুল আলম^{১,৩}
 কাজী রফিকুল আলম^২
 খন্দকার সাখাওয়াত আলী^২
 অধ্যাপক মুহম্মদ আলী^২
 ড. সৈয়দ সাদ আন্দালিব^২
 মোহাম্মদ নিয়াজ আসাদউল্লাহ^২
 ড. মো: আসাদুজ্জামান^২
 অধ্যাপক ড. শফিউল আজম^২

* উপর্যুক্ত তালিকা জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়

অধ্যাপক আবদুল বায়েস^১
 ড. আনোয়ারা বেগম^{২,৩}
 অধ্যাপক হান্নানা বেগম^২
 ড. মোসাম্মদ ফাহিমদা বেগম^২
 ফিলিপ বিশ্বাস^৩
 রাশেদা কে. চৌধুরী^{১,৩,৫}
 জীবন কে. চৌধুরী^২
 ড. আহমদ মোশ্তাক রাজা চৌধুরী^{১,৩,৫}
 ড. মাহবুব এলাহী চৌধুরী^১
 হরিপদ দাশ^২
 তপন কুমার দাশ^৩
 সুব্রত এস ধর^১
 ড. মোহাম্মদ ফরাসউদ্দিন^১
 এস এ হাসান আল- ফারুক^২
 মোঃ ফসিউল্লাহ^২
 জ্যোতি এফ. গমেজ^১
 শ্যামল কান্তি ঘোষ^১
 মোঃ আহসান হাবিব^২
 ড. মোঃ আবদুল হামিদ^১
 অধ্যাপক মুহাম্মদ নাজমুল হক^২
 সামসে আরা হাসান^১
 জাকি হাসান^১
 কে. এম. এনামুল হক^{২,৩}
 ড. এম. সামছুল হক^২
 ইকবাল হোসেন^{২,৩}
 মোঃ আলতাফ হোসেন^২
 মোঃ মোফাজ্জল হোসেন^২
 মেঃ আমির হোসেন^১
 অধ্যাপক ড. সৈয়দ শাহাদাত হোসেন^{১,৩,৪}
 মোঃ আলমগীর হোসেন^২
 ড. এম. আনোয়ারুল হক^১
 ড. মুহাম্মদ ইব্রাহিম^১

অধ্যাপক মো: রিয়াজুল ইসলাম^২
 ড. মোহাম্মদ মাইনুল ইসলাম^২
 অধ্যাপক নজরুল ইসলাম^২
 ড. শফিকুল ইসলাম^{২,৩}
 রওশন জাহান^১
 হুমায়ূন কবির^১
 জসীম উদ্দীন কবির^২
 ড. আহমেদ-আল-কবির^১
 মো: হুমায়ূন কবির^২
 নুরুল ইসলাম খান^২
 এ.এইচ.এম নোমান খান^১
 ড. সাফি রহমান খান^২
 অধ্যাপক মাহফুজা খানম^১
 ড. ফাহিমদা খাতুন^১
 অধ্যাপক ড. বরকত-ই-খুদা^১
 ড. হাস লেমবুচট^১
 তালাদ মহমুদ^২
 অল্ল ভ্যান মেনেন^২
 তালাদ মহমুদ^২
 ড. ইরাম মরিয়ম^২
 ড. ইমরান মতিন^২
 ড. আহমদুল্যাহ মিয়া^২
 মোহাম্মদ মহসিন^{২,৩}
 মোঃ মহসিন^১
 ড. নর শিরিন মোক্তার^১
 অধ্যাপক ড. সিকদার মনোয়ার মোর্শেদ^১
 ড. গোলাম মোস্তফা^২
 ড. মোস্তফা কে. মুজেরী^১
 ড. কে এ এস মুরশীদ^১
 অধ্যাপক ড. একেএম নুরুন নবী^১
 সমীর রঞ্জন নাথ^২
 ব্রাদার লিও জেমস্ পেরেইরা^২

মো: কামরুজ্জামান^১
মোঃ আবদুর রফিক^২
ড. মোঃ মোস্তাফিজুর রহমান^{২,৪}
ড. এম. এহছানুর রহমান^{২,৩}
মোঃ হাবিবুর রহমান^২
ড. ছিদ্দিকুর রহমান^২
জওশন আরা রহমান^২
কাজী ফজলুর রহমান^২
অধ্যাপক ড. মোস্তাফিজুর রহমান^২
এ. এন. রাশেদা^২
নাদিয়া রশিদ^৩
বজলে মোস্তফা রাজী^৩
তালেয়া রেহমান^২
গৌতম রায়^২
জিয়া-উস-সবুর^২
আফজাল হোসেন সরোয়ার^২
বিনায়েক সেন^২
অধ্যাপক রেহমান সোবহান^২
ড. নিতাই চন্দ্র সুব্রধর^২
মোশাররফ হোসেন তানসেন^২
মোহাম্মদ মুনতাসিম তানভীর^২
শেলডন ইয়েট^২
মোহাম্মদ মুনতাসিম তানভীর^২
কাজী রায়হান জামিল^২

-
১. উপদেষ্টা বোর্ড সদস্য
 ২. কর্মদল সদস্য
 ৩. টেকনিক্যাল টিম সদস্য
 ৪. গবেষক দলের সদস্য
 ৫. রিভিউ টিম সদস্য